

প্রকাশ : শনিবার, ৩০ নভেম্বর, ২০১৯ ০০:০০ টা
আপলোড : ২৯ নভেম্বর, ২০১৯ ২২:৪৩

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী আজ

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)



ঢাকা উত্তর সিটির মেয়র আনিসুল হকের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী আজ। নিজ নির্বাচনী এলাকাকে বাসযোগ্য করে গড়ার স্বপ্ন নিয়ে দায়িত্ব নেওয়ার প্রায় দুই বছর পরই পরপারে চলে যান ব্যবসায়ী থেকে মেয়র হওয়া আনিসুল হক। তার স্বপ্নের বহু উন্নয়নমূলক কাজ শুরু করলেও তা শেষ করে যেতে পারেননি। মৃত্যুবার্ষিকী উপলক্ষে তার পরিবারের পক্ষ থেকে আজ বাদ আসর ঢাকার

গুলশান আজাদ মসজিদে মিলাদ মাহফিলের

আয়োজন করা হয়েছে। গাবতলী টার্মিনালের সামনের সড়কে যানবাহন দাঁড় করিয়ে যাত্রী ওঠানো বন্ধ করে ব্যাপকভাবে আলোচিত হন আনিসুল হক। এছাড়া ২০১৫ সালের ডিসেম্বরে তেজগাঁও ট্রাক টার্মিনালের সামনের সড়ক দখলমুক্ত করতে গিয়ে ক্ষেত্রের মুখে পড়েন। এরপরও সব বাধা অতিক্রম করে ওই সড়ক দখলমুক্ত করতে সক্ষম হন। মেয়র নির্বাচিত হওয়ার এক বছরের মধ্যেই তিনি ঢাকা থেকে সব বিলবোর্ড উচ্ছেদ ও একের পর এক পার্ক দখলদারদের কাছ থেকে উদ্ধার করেন। পথচারীদের জন্য আধুনিক টয়লেট নির্মাণের উদ্যোগে মানুষের আস্থার জায়গা তৈরি হয়েছিল মিডিয়া ব্যক্তিত্ব আনিসুল হককে ঘিরে। মেয়র হওয়ার আগে আনিসুল হক ২০০৫ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিজিএমইএ সভাপতির দায়িত্ব পালন এবং ২০০৮ সালে ব্যবসায়ী-শিল্পপতিদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইর সভাপতি নির্বাচিত হন। ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত সার্ক চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি ছিলেন।